**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০২৬.২১-২৩২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

**বিষয়: ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় ০৪টি ইউনিয়ন পরিষদের আগামী ১৪ জুলাই ২০২১ তারিখে সাধারণ নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-৮৬, তারিখ: ০৪ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে উল্লিখিত ১ম ধাপে ঘোষিত তফসিলের মধ্যে ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে নিম্নেবর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে **আগামী ১৪ জুলাই ২০২১ তারিখে** নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেনঃ

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | খুলনা | পাইকগাছা | হরিঢালী |
| ২. | বাগেরহাট | মোরেলগঞ্জ | খাউলিয়া |
| ৩. | | কচুয়া | কচুয়া |
| ৪. | সুনামগঞ্জ | ছাতক | ভাতগাঁও |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** চেয়ারম্যান পদে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিল/প্রত্যাহারের সুযোগ দেয়া যাবে। উক্ত ইউনিয়ন পরিষদসমূহের সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে পূর্বের মনোনয়ন বহাল থাকবে, উক্ত পদে বিদ্যমান প্রার্থীদের মধ্যেই নির্বাচন অনুষ্ঠিত হবে অর্থাৎ শুধুমাত্র চেয়ারম্যান পদে নতুনভাবে মনোনয়ন দাখিল করা যাবে।

৩। **অন্যান্য নির্দেশনাঃ** উল্লিখিত সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(১) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(২) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্রসমূহ ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

জারীকৃত

৩৫২৭ নং ০৮/০৬/২১

৮/৬/২০২১

**(মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

বিতরণ:
১। জেলা প্রশাসক, --------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, --------------------------(সংশ্লিষ্ট)
৫। ------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০২৬.২১-২৩২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৬. সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, ..........................(সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)
২৭. অফিসার-ইন-চার্জ, ....................................................(সংশ্লিষ্ট) থানা।

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

# ১৪ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের সময়সূচি

| | | | |
|---|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৫ জুন ২০২১ | মঙ্গলবার |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৭ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| আপিল দাখিলের শেষ তারিখ | : | ২০ জুন ২০২১ | রবিবার |
| আপিল নিস্পত্তির শেষ তারিখ | : | ২৩ জুন ২০২১ | বুধবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৪ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| প্রতীক বরাদ্দ | : | ২৫ জুন ২০২১ | শুক্রবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৪ জুলাই ২০২১** | **বুধবার** |

**ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত**